



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ




“ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এস্টেটের আসাদ অ্যাভিনিউতে (গৃহায়ন কনকচাঁপা) ও সাতমসজিদ রোডস্থ ডি-টাইপ কলোনিতে (গৃহায়ন দোলনচাঁপা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পে ৪৩০ (চারশত ত্রিশ) টি (কম/বেশি) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

**প্রসপেক্টাস ও আবেদনপত্র**







ঢাকা  
রেসিডেনসিয়াল  
মডেল কলেজ  
Dhaka Residential Model College  
temporarily closed

বাংলাদেশ  
জাতীয় সংসদ ভবন  
Bangladesh National Parliament

মোহাম্মদপুর  
টাউন হল বাজার  
Mohammadpur Town Hall Kancha Bazar

আসাদ গেট  
আসাদ এভিনিউ

গৃহায়ন কনকচাঁপা কম্পাউন্ড  
Mohammadpur Bus Stand

গৃহায়ন দোলচাঁপা কম্পাউন্ড  
AL-MANAR HOSPITAL LTD

আড়ং লালমাটিয়া  
Aarong Lalmatia

SA Raribahan  
Courier Service

Meena Bazar

Square Hospitals Ltd  
স্কয়ার হাসপাতাল

Pinewood Cafe N  
পিনউড ক্যাফে  
এন-বেস্ট রেস্ট

মোহাম্মদপুর  
ক্রিশি মার্কেট  
Mohammadpur Krishi Market

জাপান  
গার্ডেন সিটি  
Japan Garden City

শিয়া জামে মসজিদ  
শিবা জামে মসজিদ  
Shiya Jame Masjid

সাত গম্বুজ  
জামে মসজিদ  
Saat Gombuj Jame Masjid

সিলেট শাহজালাল  
হোটেল  
Sylhet Shahjalal Hotel

রায়ের বাজার  
Rayer Bazar

মোহাম্মদপুর  
কেন্দ্রিয়া কলেজ  
Temporarily closed  
Mohammadpur Kendriya College

আল-আমিন  
জামে মসজিদ  
Al Amin Jama Masjid

মুহাম্মদপুর টাউন হল  
কান্চা বাজার  
Muhammadpur Town Hall Kancha Bazar

লালমতীয়া  
মহিলা  
মহাবিদ্যালয়  
Temporarily closed  
Lalmatia Mohila College

লালমতীয়া  
জামে মসজিদ  
Lalmatia C Block Jam-e-Masjid

জেনেটিক প্লাজা  
Genetic Plaza

Evaly.com.bd

পশ্চিম  
রাজাবাজার  
West Rajabazar Jame Mosque

স্কয়ার হাসপাতাল  
Square Hospitals Ltd

পিনউড ক্যাফে  
এন-বেস্ট রেস্ট  
Pinewood Cafe N

ফাটার অফ দি নেশন  
Father of The Nation

BRB H





“ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এস্টেটের আসাদ অ্যাভিনিউতে (গৃহায়ন কনকচাঁপা) ও সাতমসজিদ রোডস্থ ডি-টাইপ কলোনিতে (গৃহায়ন দোলনচাঁপা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পে ৪৩০ (চারশত ত্রিশ) টি (কম/বেশি) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

## প্রসপেক্টাস

### ১.০। আবেদনকারীর যোগ্যতা:

- ১.১ আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ১.২ আবেদনকারীর যদি নিজ নামে, স্বামী/স্ত্রী (সরকারি চাকরিজীবী স্বামী/স্ত্রীর ক্ষেত্র ব্যতীত), সন্তান/পোষ্য এর নামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি)/ অন্য কোন সরকারি/ আধাসরকারি/স্বায়ত্ত্ববশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পুট/ ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করার যোগ্য হবেন না। ইতোপূর্বে বরাদ্দপ্রাপ্ত পুট/ ফ্ল্যাট বিক্রয়/ হস্তান্তর করে থাকলেও তিনি পুট/ ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।
- ১.৩ আবেদনকারীর বয়স ১৫.০৬.২০২১ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বছর হতে হবে।

### ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল:

- ২.১ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে **ওয়ান ব্যাংক লিমিটেড** এর রিং রোড শাখা, শ্যামলী, ঢাকা-এর তত্ত্বাবধানে নিম্নলিখিত শাখাসমূহ হতে ব্যাংক চলাকালীন সময়ে ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ প্রদান সাপেক্ষে প্রসপেক্টাস ক্রয় এবং আবেদনপত্র দাখিল করা যাবে:

ক্র. নং	জেলা	শাখার নাম	ঠিকানা
১।	ঢাকা	গৃহায়ন ভবন উপশাখা	৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
২।	ঢাকা	রিং রোড শাখা	শম্পা সুপার মার্কেট, ৬/৭ আদর্শ ছায়ানীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা।
৩।	ঢাকা	মিরপুর শাখা	আরএসএইচ টাওয়ার, পট নং-২৩, রোড নং-৩, বক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা।
৪।	রাজশাহী	রাজশাহী শাখা	৮৮-৯১, স্টেশন রোড, রানীবাজার, বোয়ালিয়া, রাজশাহী।
৫।	বগুড়া	বগুড়া শাখা	৭৩৯/এ, বাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া।
৬।	রংপুর	রংপুর শাখা	শাহ বাড়ী টাওয়ার, ২৮৬, স্টেশন রোড, গুলুপাড়া, রংপুর।
৭।	বরিশাল	বরিশাল শাখা	কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতোয়ালি, বরিশাল।
৮।	খুলনা	খুলনা শাখা	জে কে টাওয়ার, ৭৯ যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা।
৯।	চট্টগ্রাম	সিডিএ এভিনিউ শাখা	এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, সিডিএ অ্যাভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম
১০।	সিলেট	সিলেট শাখা	ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাট্টা, সিলেট।
১১।	কুমিল্লা	কুমিল্লা শাখা	হোল্ডিং ৩৪৯, শহিদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতোয়ালি, কুমিল্লা।
১২।	নোয়াখালী	মাইজদী কোর্ট শাখা	মাইজদী পৌর সুপার মার্কেট, মেইন রোড মাইজদী কোর্ট, ওয়ার্ড নং-০৪, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী।
১৩।	যশোর	যশোর শাখা	এম এস অর্কিড সেন্টার, ৪৪, এম কে রোড, যশোর।
১৪।	কুষ্টিয়া	কুষ্টিয়া শাখা	খুশি প্লাজা, ২৫৮ এন এস রোড কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
১৫।	ফরিদপুর	ফরিদপুর শাখা	লাম শাহাজাদী টাওয়ার, ২১৩, আলীপুর রোড, ফরিদপুর সদর, ফরিদপুর।




- ২.২ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। বিদেশে কর্মরত আবেদনকারীগণ ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C. No-0211-130000300 হিসাবে SWIFT Code: BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জমা প্রদানক্রমে যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পেতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল অথবা ফ্যাক্সযোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh, Phone: 02-9562762, e-mail: chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রসপেক্টাস প্রেরণ করা হবে। তবে এক্ষেত্রে ডাক মাণ্ডলের খরচ আবেদনকারীকে বহন করতে হবে। ডাকযোগে প্রসপেক্টাস এর হার্ডকপি সংগ্রহ করতে না পারলে কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে ডাউনলোড করে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। শুধুমাত্র বিদেশে কর্মরতদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।
- ২.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন আসাদ অ্যাভিনিউ এবং সাত মসজিদ রোডে অবস্থিত ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়া ভিত্তিক বসবাসরত বৈধ ভাড়াটিয়াগণ আলোচ্য প্রকল্পে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে অনুচ্ছেদ-২.১ এর উল্লিখিত স্থান হতে প্রসপেক্টাস সংগ্রহ করতে পারবেন। তাঁরা ফ্ল্যাট প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। তাঁদের আবেদনের শর্তাবলী ও যোগ্যতা অত্র প্রসপেক্টাসের ১০.১ হতে ১০.৮ নং অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুযায়ী নির্ধারিত হবে।
- ২.৪ আগ্রহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের ফরম-১ বিমুক্ত করে যথাযথভাবে পূরণপূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত ব্যাকসমূহে জমা দিতে হবে। প্রকল্প এলাকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আসাদ অ্যাভিনিউ ও সাত মসজিদ রোডের ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়াভিত্তিক বৈধ ভাড়াটিয়া হিসেবে বসবাসকারীগণ আবেদনপত্রের ফরম-২ বিমুক্ত করে প্রসপেক্টাসে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে বিজ্ঞপ্তিতে বর্ণিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন।
- ২.৫ আবেদনপত্রের সঙ্গে যে কোন তফশিলি ব্যাংক হতে প্রকল্প এলাকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়া ভিত্তিক বৈধ ভাড়াটিয়া হিসেবে বসবাসকারীগণ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার এবং অন্য সকল আবেদনকারীগণ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর প্রদান করতে হবে।
- ২.৬ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তাঁরা অবশ্যই সমপরিমাণ অর্থ পাউন্ড স্টার্লিং/ ইউরো/ মার্কিন ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. No-0211-130000300 হিসাবে SWIFT Code: BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh-এর মাধ্যমে প্রদান করবেন। তাঁদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

- ২.৭ যিনি ফ্ল্যাট বরাদ্দ পাবেন তাঁর জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) টাকার সাথে সমন্বয় করা হবে। যাঁরা লটারীতে ফ্ল্যাট বরাদ্দ পাবেন না তাঁদের জামানতের টাকা লটারীর ফলাফল প্রকাশের পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা অফিস হতে ফেরত দেয়া হবে। তবে কোন সুদ প্রদান করা হবে না। বৈদেশিক মুদ্রায় জামানত জমাদান করলেও তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।
- ২.৮ আবেদনকারীগণ তাঁদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক তার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম, শাখা, ঠিকানা এবং রাউটিং নম্বর আবেদনপত্রে উল্লেখ করবেন।
- ৩.০ **ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর:**
- ৩.১ কমনস্পেসসহ ফ্ল্যাটের প্রতি বর্গফুট আয়তনের সাময়িক মূল্য নির্ধারণ করা হয়েছে ৬,৫৫৫/- (ছয় হাজার পাঁচশত পঞ্চাশ টাকা) মাত্র (কম/বেশি)। ভবন নির্মাণকালে কোন কারণে ফ্ল্যাটের মূল্য হ্রাস/বৃদ্ধি পেলে ফ্ল্যাটের হ্রাসকৃত/বর্ধিত মূল্য কিস্তির সাথে সমন্বয় করা হবে এবং এক্ষেত্রে বরাদ্দপ্রাপকগণ সমন্বিত মূল্য পরিশোধে বাধ্য থাকবেন। অন্যথায় বরাদ্দ পত্র বাতিল হবে এবং প্রদানকৃত সমুদয় অর্থের শতকরা ৫% হারে কর্তন করে অবশিষ্ট অর্থ বিনা সুদে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে ফেরত প্রদান করা হবে।
- ৩.২ বরাদ্দপ্রাপকের নিকট হতে ৫০% মূল্য পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দপ্রাপকের নিকট ফ্ল্যাটের বাস্তব দখল হস্তান্তর করা হবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজ খরচে ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করতে হবে। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণের দায়দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকগণের উপর ন্যস্ত হবে। দালানভিত্তিক অথবা প্রকল্পভিত্তিক সমিতি গঠনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণ কমন সার্ভিস যেমনঃ নিরাপত্তা ব্যবস্থা, সাব-স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প, পয়ঃপ্রণালী ও নিষ্কাশন ইত্যাদিসহ যাবতীয় রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এজন্য যাবতীয় বিলসহ আনুষঙ্গিক রক্ষণাবেক্ষণের বিষয় তাদের কর্তৃক গঠিত সমিতি কর্তৃক পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, উক্ত কমিটি গঠনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করতে হবে।
- ৩.৩ প্রকল্পভুক্ত প্রতিটি কম্পাউন্ডের কারপার্কিং কেবলমাত্র সংশ্লিষ্ট কম্পাউন্ডের ফ্ল্যাটের বরাদ্দপ্রাপকগণকে বরাদ্দ করা হবে। ফ্ল্যাটের তুলনায় কার পার্কিং এর সংখ্যা কোন কম্পাউন্ডে কম হলে উনুজ লটারীর মাধ্যমে কার পার্কিং বরাদ্দ দেয়া হবে।
- ৩.৪ প্রতিটি কার পার্কিং এর মূল্য ৬.০০ (ছয়) লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে, যা ৬ মাস অন্তর ৪ (চার) কিস্তিতে পরিশোধ করতে হবে।
- ৩.৫ প্রকল্পের স্বার্থে প্রকল্পের মূল্য তালিকায় বা প্রকল্প নির্মাণে যে কোন ধরনের পরিবর্তন, পরিবর্ধন ও সমন্বয় করার ক্ষমতা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না অথবা কিস্তির টাকা পরিশোধ বন্ধ করা যাবে না।

## ৪.০ ফ্ল্যাটের কিস্তি পরিশোধ:

- ৪.১ ফ্ল্যাটের জন্য নির্বাচিত ব্যক্তিকে ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% অর্থ ৪ (চার) বৎসরে ৪ (চার) টি বাৎসরিক কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বেই সুদবিহীন পরিশোধ করতে হবে। তবে বরাদ্দ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে ১ম কিস্তির টাকা পরিশোধ করতে হবে। ৩০ দিনের মধ্যে ১ম কিস্তির টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে। এজন্য কোন প্রকার নোটিশ প্রদান করা হবে না।
- ৪.২ যে সকল আবেদনকারী ফ্ল্যাটের বরাদ্দ পাবেন, তাঁদের প্রদত্ত জামানতের টাকা ফ্ল্যাটের মূল্যের ১ম কিস্তির সাথে সমন্বয় করা হবে।
- ৪.২ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ১৬ (ষোল) বৎসরে মাসিক কিস্তিতে (EMI পদ্ধতিতে) ৯% সরল সুদসহ পরিশোধ করতে হবে।
- ৪.৩ ডাউনপেমেন্ট পরিশোধের পর দখল হস্তান্তরের পূর্বে/ পরে কিস্তি চলমান অবস্থায় বরাদ্দগ্রহীতা এককালীন টাকা পরিশোধের আবেদন জানালে অবশিষ্ট আসলের উপর শুধুমাত্র ২% সার্ভিস চার্জ প্রযোজ্য হবে, এক্ষেত্রে কোন সুদ প্রযোজ্য হবে না।
- ৪.৪ ১ম কিস্তি পরিশোধের পর বার্ষিক কিস্তির টাকা বরাদ্দপত্রে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে খেলাপী টাকার উপর বার্ষিক ১৩% হারে এবং ৩ (তিন) মাসও অতিক্রান্ত হলে খেলাপী টাকার উপর ৬ (ছয়) মাস পর্যন্ত বার্ষিক ১৬% হারে জরিমানাসহ টাকা গ্রহণ করা যাবে। তবে ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাপী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না তার ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসঙ্গত কারণ বিবেচনায় খেলাপী টাকার উপর ১ (এক) বছর পর্যন্ত বার্ষিক ১৮% হারে এবং ৫ (পাঁচ) বছর পর্যন্ত বার্ষিক ২১% হারে জরিমানা গ্রহণপূর্বক বরাদ্দ পুনঃবহাল করা যাবে। খেলাপীকাল ৫ (পাঁচ) বছরের অধিক হলে বরাদ্দ বাতিল হবে। যে কোন মেয়াদী খেলাপী চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনক্রমে কেস টু কেস নিষ্পত্তি করা যাবে। এককালীন পরিশোধযোগ্য ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দপত্রে উল্লিখিত সময়ের মধ্যে টাকা পরিশোধ ব্যর্থ হলে বরাদ্দপ্রাপকের আবেদনক্রমে ০৬ মাস পর্যন্ত বার্ষিক ১৬% জরিমানাসহ টাকা এককালীন পরিশোধের সুযোগ দেয়া যাবে।
- ৪.৫ ফ্ল্যাটের ডাউনপেমেন্ট খেলাপী ব্যতীত অন্য যে কোন ক্ষেত্রে বরাদ্দপত্র বাতিলের পূর্বে বরাদ্দগ্রহীতাকে কারণ দর্শানোর নোটিশ ইস্যু করে জবাব নিয়ে অথবা জবাব না পেলে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি আকারে কারণ দর্শানোর নোটিশ প্রকাশ করে নির্ধারিত সময়ের পর বোর্ড সভার সিদ্ধান্তক্রমে বরাদ্দ বাতিল করা যাবে। এছাড়াও এ সংক্রান্ত অন্যান্য বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ (সংশোধিত-২০১৬) অনুযায়ী সকল কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪.৬ বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির অর্থ জমা দিতে ব্যর্থ হলে যথাযথ প্রক্রিয়ায় ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থের ৫% হারে কর্তন করে অবশিষ্ট অর্থ এককালীন, অনধিক তিন মাসের মধ্যে আবেদনকারী বা উত্তরাধিকারীর নিকট ফেরত প্রদান করা হবে।




- ৪.৭ বিদেশে বসবাসরত বরাদ্দপ্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পাউন্ড স্টার্লিং/ ইউরো/ আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. No-0211-130000300 হিসাবে SWIFT Code: BKSIBDDH002, Basic Bank Limited (Main Branch), Motijheel, Dhaka, Bangladesh-এর মাধ্যমে বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রদান করতে হবে।
- ৪.৮ ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর বিদেশে বসবাসরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য অবশিষ্ট ৫০% মূল্য এককালীন (অনুচ্ছেদ-৪.৩) অথবা ৪ (চার) বৎসরে বার্ষিক কিস্তিতে ৯% হারে সরল সুদে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করতে হবে। বিস্তারিত পরিশোধ পদ্ধতি বরাদ্দপত্রের সাথে সরবরাহ করা হবে।
- ৪.৯ যাঁরা লটারীতে উত্তীর্ণ হলেও লটারী অনুষ্ঠানের পর অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে ফ্ল্যাট বরাদ্দ নিতে আগ্রহ প্রকাশ করবেন, তাঁদের বরাদ্দ বাতিলপূর্বক জামানতের টাকা হতে ৫% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে। তবে লটারী অনুষ্ঠানের ৭ (দিন) পূর্বে আবেদনপত্র প্রত্যাহার করতে আগ্রহ প্রকাশ করলে কর্তন ব্যতিরেকেই জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে।



৫.০ ফ্ল্যাট বরাদ্দ প্রদানের ক্যাটাগরি ও কোটার হার:

৫.১ আবেদনকারীকে তাঁর পেশা/ আবেদনের কোটা হিসেবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন একটি পেশা/ কোটা উল্লেখ করতে হবে। কোন আবেদনকারী নিম্নবর্ণিত (ক) হতে (ঢ) কোটায় অন্তর্ভুক্ত না হলে অন্যান্য (ত) কোটায় তাঁর পেশার বিষয় উল্লেখ করতে হবে।

ক্র. নং	কোটা/ ক্যাটাগরি	সাব কোটা	কোটার হার	ফ্ল্যাট সংখ্যা
(ক)	সরকারি কর্মকর্তা/কর্মচারী (১১%)	১ম গ্রেড হতে ৩য় গ্রেড পর্যন্ত কর্মকর্তাগণ	৩.৫০%	১৫
		৪র্থ গ্রেড ও ৫ম গ্রেড কর্মকর্তাগণ	৩.০০%	১৩
		৬ষ্ঠ গ্রেড হতে তদনিম্ন কর্মকর্তাগণ	৪.৫০%	১৯
(খ)	সাংবিধানিক পদে কর্মরত সরকারি কর্মকর্তাগণ		০.৫০%	২
(গ)	মহামান্য বিচারপতিগণ [হাইকোর্ট ও আপীল বিভাগ]		০.৫০%	২
(ঘ)	বিচার বিভাগীয় কর্মকর্তাগণ [সহকারী জজ হতে জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণ]		১.৫০%	৬
(ঙ)	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আসাদ এভিনিউ ও সাত মসজিদ রোডের ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়াভিত্তিক বসবাসরত বৈধ ভাড়াটিয়াগণ		৫৮.৮৫%	২৫৩
(চ)	আধাসরকারি/ স্বায়ত্ত্ববশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী		২.৫০%	১১
(ছ)	বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরী		৩.৫০%	১৫
(জ)	অনাবাসী বাংলাদেশি		০.৫০%	২
(ঝ)	মুক্তিযোদ্ধা		১.৫০%	৬
(ঞ)	ব্যবসায়ী		১.৭৫%	৮
(ট)	অবসরপ্রাপ্ত সরকারি চাকুরীজীবী		২.০০%	৯
(ঠ)	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	৩.৭০%	১৬
		জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	৩.৭০%	১৬
		গণপূর্ত অধিদপ্তর	১.০০%	৪
		স্থাপত্য অধিদপ্তর	০.৭০%	৩
(ড)	অর্থ বিভাগ + আইএমইডি + পরিকল্পনা কমিশনের ভৌত কাঠামো বিভাগের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা		০.৬০%	৩
(ঢ)	বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী, কৃষিবিদ ইত্যাদি)		১.১০%	৫
(ণ)	সংরক্ষিত কোটা		৪.৬০%	২০
(ত)	অন্যান্য কোটা		০.৫০%	২
		সর্বমোট	১০০.০০%	৪৩০





৫.২ অনুচ্ছেদ ৫.১ (ক), (ঘ), (চ) এ বর্ণিত সরকারি চাকুরীজীবীদের ক্ষেত্রে অনুচ্ছেদ ৫.৩ অনুযায়ী আবেদনকারীগণের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্তগণকে বরাদ্দ প্রদান করা হবে। একই নম্বরের একাধিক আবেদনকারী থাকলে জন্ম তারিখের ভিত্তিতে বয়োজ্যেষ্ঠ আবেদনকারীকে বরাদ্দ প্রদান করা হবে। সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবীদের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের বিভাজন নিম্নরূপ:

(ক) বয়স- ৫৯ (সর্বোচ্চ)

(খ) বর্তমান বেতন স্কেল (মূল বেতন)- ৩৮ (সর্বোচ্চ)

(গ) চাকুরীর বয়স- ৩ (সর্বোচ্চ) (১-১৫ বৎসর = ১, ১৬-২৫ বৎসর = ২, ২৬-তদুর্ধ্ব = ৩)

৫.৩ অনুচ্ছেদ ৫.১ (খ), (গ) এ বর্ণিত কোটার ক্ষেত্রে শুধুমাত্র সংশ্লিষ্ট ক্যাটাগরিতে দায়িত্বের সময় অনুযায়ী সর্বোচ্চ নম্বর প্রাপ্তগণকে বরাদ্দ প্রদান করা হবে। কোন প্রান্তিক ক্ষেত্রে একাধিক আবেদনকারীর প্রাপ্ত নম্বর একই হলে বয়োজ্যেষ্ঠ আবেদনকারীকে বরাদ্দ প্রদান করা হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে পদায়নের সরকারি আদেশের কপি ও যোগদানের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।


৫.৪ বেতনস্কেলের ক্ষেত্রে সরকারী প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। ভাতা, বিশেষ ভাতা ও অন্যান্য কোন আর্থিক সুবিধা বেতন স্কেলের সাথে যোগ করা যাবে না। আবেদনকারীগণ সুস্পষ্টভাবে আবেদনপত্রে জাতীয় বেতন স্কেল উল্লেখ করবেন এবং তা প্রমাণের জন্য সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি দাখিল করবেন।

৫.৫ অনুচ্ছেদ ৫.১ (ঠ), (ড) এ বর্ণিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ সংরক্ষিত কোটায় আবাসিক ফ্ল্যাট বরাদ্দের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে। এক্ষেত্রে আবেদনকারীকে চাকুরী স্থায়ী সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। স্ব স্ব সংস্থা হতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে আবেদনপত্র অগ্রায়ন করা হলেই কেবল এ কোটায় আবেদন বিবেচনায় নেয়া হবে।

৫.৬ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের (পদায়ন/ প্রেষণে নিয়োজিত) ন্যূনতম ০১ (এক) বৎসরের চাকুরীকাল পূর্ণ হতে হবে।

৫.৭ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে চাকুরীতে স্থায়ী হতে হবে। তবে ইতোপূর্বে প্রকাশিত আদেশের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট আবেদনকারী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হতে সর্বোচ্চ ১টি পট ও ১টি ফ্ল্যাট বরাদ্দের যোগ্য; একাধিক পট/ একাধিক ফ্ল্যাট (এ প্রকল্পে আবেদনসহ) বরাদ্দের তথ্য পরবর্তীতে পাওয়া গেলে আবেদনের জামানত বাজেয়াপ্ত করা সহ আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

৫.৮ মন্ত্রণালয়ে পদায়ন/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরীর মেয়াদ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ০৩ (তিন) বৎসর পূর্ণ হওয়ার পর অন্যত্র বদলী হলেও বদলীর পর হতে অনধিক ০২ (দুই) বৎসর পর্যন্ত তিনি মন্ত্রণালয়ের কোটায় ফ্ল্যাট বরাদ্দের আবেদনের সুযোগ পাবেন।





- ৫.৯ কোন কোটায় ফ্ল্যাটের সংখ্যা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে ফ্ল্যাট বরাদ্দ কমিটি অন্যান্য কোটায় তা সমন্বয় করবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।
- ৫.১০ অনুচ্ছেদ ৫.১ (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঢ) ও (ত) ক্যাটাগরীর আবেদনকারীদের ক্ষেত্রে লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।
- ৫.১১ অনুচ্ছেদ ৫.১ (ঙ) ক্যাটাগরীতে আবেদনকারীগণ অনুচ্ছেদ- ২.৩, ৮.৩ ও ১০.০ এর বর্ণিত কাগজপত্র ও তথ্যাদি যাচাই সাপেক্ষে লটারীর জন্য বিবেচনাধীন হবেন। অনুচ্ছেদ ৫.১ (ঢ) ক্যাটাগরীতে আবেদনকারীগণকে সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনের পরিচয়পত্র দাখিল করতে হবে।
- ৫.১২ অনুচ্ছেদ ৫.১ (ঝ) ক্যাটাগরীতে সরাসরি বীর মুক্তিযোদ্ধার আবেদনকে অগ্রাধিকার দেয়া হবে। কোন বীর মুক্তিযোদ্ধার আবেদন পাওয়া না গেলেই কেবলমাত্র মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্য হিসেবে আবেদনকারীদের লটারীর জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে মুক্তিযোদ্ধা হিসেবে পরিচয়ের স্বপক্ষে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে।
- ৫.১৩ অনুচ্ছেদ ৫.১ (ঞ) ক্যাটাগরীতে আবেদনকারীগণকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর রিটার্ন সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ৫.১৪ আলোচ্য প্রকল্পের আওতায় নির্মাণাধীন ভবনসমূহে বরাদ্দ প্রাপকগণ কর্তৃক ফ্ল্যাট সমর্পণ, কিস্তি পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দ বাতিল অথবা অন্য কোন কারণে পরবর্তীতে খালি ফ্ল্যাটের সংখ্যা বৃদ্ধি পেলে এই বিজ্ঞপ্তির আওতায় অন্যান্য আবেদনকারীগণের মধ্য হতে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা যাবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনের জামানত সংরক্ষিত থাকতে হবে।
- ৫.১৫ আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা'র দপ্তরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে উন্মুক্ত লটারির মাধ্যমে কোটাভিত্তিক প্রাপক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ফ্ল্যাট নির্ধারণ করা হবে।
- ৫.১৬ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে প্রসপেক্টাস এ উল্লিখিত যে কোন শর্ত/ শর্তাদি পরিবর্তন/ পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।
- ৬.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ, ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ:**
- ৬.১ যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাওয়া সত্ত্বেও বা কিস্তি পরিশোধের পর ফ্ল্যাট নিতে ইচ্ছুক হবেন না, তারা জামানতের টাকা বা জমাকৃত টাকা ফেরত চেয়ে আবেদন করলে আবেদন প্রাপ্তির অনধিক ২ (দুই) মাসের মধ্যে জমাকৃত জামানতের অর্থ হতে ৫% কর্তনপূর্বক সুদ বিহীন ফেরত দেয়া হবে।
- ৬.২ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য পরিবেশন করলে এবং প্রমাণিত হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

- ৬.৩ একান্নভুক্ত পরিবার হলে মাত্র একটি আবেদন করা যাবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক ফ্ল্যাট বরাদ্দ পেলে এবং তা কোন সময়ে প্রমাণিত হলে ফ্ল্যাট বাতিল করা হবে এবং ফ্ল্যাটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৬.৪ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করলে বরাদ্দপত্র বাতিল হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- ৬.৫ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমতি ব্যতিত ফ্ল্যাটের বন্ধক, লিজ স্বত্ত্ব হস্তান্তর, কোন দায় সৃজন, বায়না, আম-মোক্তার ইত্যাদি প্রদান করতে পারবেন না। এ শর্ত ভঙ্গের কারণে বরাদ্দপত্র বাতিল হবে।
- ৬.৬ বরাদ্দপ্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী ১ (এক) বছর সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করে নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁর ওয়ারিশগণের উপরও বর্তাবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত টাকা ৫% হারে কর্তন করে ৩ (তিন) মাসের মধ্যে অবশিষ্ট টাকা ফেরত দেয়া হবে।
- ৭.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী / শর্তাবলী:**
- ৭.১ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হবে।
- ৭.২ প্রকল্পের আওতায় 'গৃহায়ন কনকচাঁপা' ও 'গৃহায়ন দোলনচাঁপা' দু'টি কম্পাউন্ডে ০৮টি ভবনে সর্বমোট ৪৩০ টি ফ্ল্যাট নির্মিত হবে।
- ৭.৩ 'গৃহায়ন কনকচাঁপা' প্রকল্পের ফ্ল্যাটসমূহ অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পস্থানে ডি-টাইপ কলোনীতে বৈধভাবে বসবাসকারীদের মধ্যে নির্ধারিত সময়ে আবেদনকারীদের বরাদ্দ প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ে আবেদনকারী বৈধ বসবাসকারীর সংখ্যা 'গৃহায়ন কনকচাঁপা' কম্পাউন্ডের ফ্ল্যাট সংখ্যার কম হলে তা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্য ক্যাটাগরির আবেদনকারীর মাঝে বন্টন করা যাবে।
- ৭.৪ 'গৃহায়ন দোলনচাঁপা' প্রকল্পের ভবন নং-০৪ এর ফ্ল্যাটসমূহ অগ্রাধিকার ভিত্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কোটায় আবেদনকারীদের বরাদ্দ প্রদান করা হবে।
- ৭.৫ প্রতিটি ভবনের নীচ তলা এবং বেজমেন্ট কারপার্কিং হিসেবে ব্যবহৃত হবে। কারপার্কিং সমূহ ফ্ল্যাটের বরাদ্দপ্রাপকগণের মাঝে পৃথক উন্মুক্ত লটারি প্রক্রিয়ায় বরাদ্দ প্রদান করা হবে।
- ৭.৬ প্রতিটি ভবনের অন্যান্য তলায় ফ্ল্যাটগুলো অনুচ্ছেদ ৫.০ এ বর্ণিত বিবরণ অনুযায়ী প্রণীত তালিকা হতে লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে এবং বরাদ্দপ্রাপক লটারিতে প্রাপ্ত ফ্ল্যাট ও কারপার্কিং গ্রহণে বাধ্য থাকবেন।





- ৭.৭ প্রতিটি ভবনে জেনারেটর, লিফট, সাব-স্টেশন ইত্যাদি নাগরিক সুবিধার ব্যবস্থা রাখা হয়েছে। ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখার দায়িত্ব বরাদ্দগ্রহীতাগণ যৌথভাবে পালন করবেন। তাঁরা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভবন বুকে পাবার ১ (এক) মাস পূর্বে একটি সমিতি গঠন করবেন। আবাসিক ভবনসমূহে আনুষঙ্গিক এবং সাধারণ সুবিধাদি ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হবে।
- ৭.৮ প্রকল্প সম্পূর্ণরূপে শেষ হওয়ার পর বরাদ্দ গ্রহিতাদের নিকটে হস্তান্তরকৃত ফ্ল্যাটের পূর্ত কাজের সকল প্রকার মেরামত/ পরিবর্ধন/ পরিবর্তন ফ্ল্যাটের বরাদ্দ গ্রহিতাগণ নিজ দায়িত্বে সম্পন্ন করবেন, তবে এ ক্ষেত্রে কোনক্রমেই ভবনের বহিরাঙ্গনের নকশা পরিবর্তন করা যাবে না। তবে লিফট, সাব-স্টেশন ও জেনারেটর বা অন্যান্য বৈদ্যুতিক/যান্ত্রিক যন্ত্রাংশ দরপত্রের শর্তানুযায়ী ওয়ারেন্টি/গ্যারান্টি সময়কাল পর্যন্ত মেরামত/পরিবর্তন/পরিবর্ধন করা যাবে। দরপত্রের শর্ত মোতাবেক ওয়ারেন্টি/গ্যারান্টি পিরিয়ড শেষ হওয়ার পর সকল মেরামত ফ্ল্যাটের বরাদ্দ গ্রহিতাগণ নিজ দায়িত্বে সম্পন্ন করবেন। বরাদ্দ গ্রহিতাদের সমন্বয়ে গঠিত কমিটি ভবন/ কম্পাউন্ডের যৌথ রক্ষণাবেক্ষণ পরিচালনা করবে।
- ৭.৯ সংশ্লিষ্ট ফ্ল্যাট ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হবে বিধি মোতাবেক হারাহারি সে পরিমাণ জায়গা অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় সংশ্লিষ্ট ফ্ল্যাটের বরাদ্দগ্রহিতা অধিকারী হবেন, যা ইজারা দলিলে উল্লেখ থাকবে। যারা ফ্ল্যাটের বরাদ্দ পাবেন তাঁরা ৯৯ বৎসরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Lessee হবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে পার্শ্ববর্তী জমির মালিকানা বা অধিকার দাবী করতে পারবেন না। এছাড়া প্রকল্পের ফাঁকা জায়গায় ভবিষ্যতে কোন স্থাপনা নির্মাণ করতে পারবেন না। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ অধিকার সর্বাবস্থায় সংরক্ষণ করবে।
- ৭.১০ বরাদ্দপ্রাপ্ত ফ্ল্যাটগুলির আবাসিক ব্যবহার ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ৭.১১ ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধান্তে ইজারা দলিল (Lease Deed) সম্পাদনের পর ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে অবশ্যই বরাদ্দ প্রাপককে যথানিয়মে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ৭.১২ ফ্ল্যাটের কিস্তি চলমান থাকা অবস্থায় বরাদ্দপ্রাপক কর্তৃপক্ষের পূর্বানুমতি নিয়ে আমমোজার প্রদান করতে পারবেন। ফ্ল্যাটের বরাদ্দপ্রাপককে প্রদত্ত শর্তাবলী আমমোজারগ্রহীতার উপরও সমভাবে বলবৎ থাকবে।
- ৮.০ ফ্ল্যাট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/ শর্তাবলী:**
- ৮.১ প্রকল্পের সকল ফ্ল্যাট লটারির মাধ্যমে নির্বাচন করা হবে।
- ৮.২ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।







- ৮.৩ প্রকল্প এলাকায় বর্তমানে ভাড়াটিয়া হিসেবে বসবাসকারীগনের ফ্ল্যাট প্রাপ্তির জন্য আবেদনকারীদের আসাদ অ্যাভিনিউ ও সাতমসজিদ রোডে ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়াভিত্তিক বরাদ্দ প্রাপ্ত ভাড়াটিয়া হিসেবে বসবাসের সপক্ষে বৈধ সাময়িক বরাদ্দপত্র, ভাড়া পরিশোধ ও ইউটিলিটি বিল পরিশোধের (গ্যাস, পানি, বিদ্যুৎ) কাগজপত্রাদি ও অন্যান্য প্রমাণক থাকতে হবে।
- ৮.৪ কোন ব্যক্তির/ পরিবারের দখলে মাসিক ভাড়াভিত্তিক একাধিক ফ্ল্যাট থাকলেও তিনি/তারা কেবল মাত্র একটি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার যোগ্য হবেন। ভুল তথ্য দিয়ে একাধিক ফ্ল্যাট বরাদ্দ নিলে পরবর্তীতে উক্তরূপ প্রমানিত হলে সকল ফ্ল্যাটের বরাদ্দ বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮.৫ প্রকল্প এলাকায় একই পরিবারের স্বামী/ স্ত্রী/ সন্তানদের একাধিক মাসিক ভাড়াভিত্তিক ফ্ল্যাট দখলে থাকলেও সে পরিবারের একজন মাত্র ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার যোগ্য হবেন।
- ৯.০ আবেদনকারীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি আবেদনের সাথে দাখিল করতে হবে:**
- ৯.১ সঠিকভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত আবেদনপত্র।
- ৯.২ আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রকল্প এলাকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়া ভিত্তিক বৈধ ভাড়াটিয়া হিসেবে বসবাসকারীগন ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার এবং প্রসপেক্টাসের ৫.১ অনুচ্ছেদে বর্ণিত অন্য আবেদনকারীগন ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর প্রদান করতে হবে।
- ৯.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) কিংবা অন্য কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা মহানগরীর যে কোন স্থানে নিজ নামে, স্ত্রী/স্বামী (সরকারি চাকরিজীবী স্ত্রী/স্বামীর ক্ষেত্রে ব্যতীত), সন্তান/পোষ্য এর নামে ইতোপূর্বে কখনও কোন প্লট/ ফ্ল্যাট/ জমির বরাদ্দ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-১)।
- ৯.৪ বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র এবং এস.এস.সি বা সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি।
- ৯.৫ চাকুরীজীবী আবেদনকারীদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ, বর্তমান কর্মস্থল, অবসরপ্রাপ্ত কর্মচারীর ক্ষেত্রে PRL এর তারিখ) আবেদনের তারিখে মাসিক মূল বেতন, বেতন স্কেল উল্লেখপূর্বক প্রত্যয়ন, শেষ বেতনের বিলের কপির সত্যায়িত ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেটের সাথে বাংলাদেশী নাগরিকত্বের প্রত্যয়ন (দ্বৈত নাগরিক নন) বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। PRL ভুক্ত কর্মকর্তা/কর্মচারী অবসর প্রাপ্ত সরকারি কর্মচারী হিসেবে বিবেচিত হবেন।

- ৯.৬ যাদের করযোগ্য আয় রয়েছে তাঁদের হালনাগাদ (২০২০-২০২১ অর্থ বছর) আয়কর পরিশোধের সার্টিফিকেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অনুচ্ছেদ-৫.১ এর (ঢ) ক্যাটাগরি ব্যতীত অন্য কোটায় কোন আবেদনকারীর করযোগ্য আয় না থাকলে বর্তমানে বসবাসরত এলাকার পৌর কাউন্সিলর/ ইউপি চেয়ারম্যান/ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৯.৭ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/ সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে, যা পরবর্তীতে যাচাই করা হবে।
- ৯.৮ মুক্তিযোদ্ধার মৃত্যুতে মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যও উক্ত প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তবে একই পরিবারের ০১ (এক) জনের বেশী ফ্ল্যাটের জন্য আবেদন করতে পারবেন না।
- ৯.৯ অবসরপ্রাপ্ত চাকুরীজীবীকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মাসিক বেতনের সার্টিফিকেট ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৯.১০ বিদেশে অবস্থানরত বাংলাদেশী আবেদনকারীগণ প্রসপেক্টাস ও জামানতের টাকা সংশ্লিষ্ট সুইফট কোডের মাধ্যমে জমাকৃত মূল রসিদ, বাংলাদেশী দূতাবাস বা সংশ্লিষ্ট দেশের নোটারি পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা পরিশিষ্ট-১ উল্লিখিত তথ্যাদি সম্বলিত বিদেশে থাকার প্রমাণক হিসেবে ভিসা বা কর্মরত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র, বয়স প্রমাণের জন্য NID বা পাসপোর্টের ফটোকপি, কর্তৃপক্ষের website: www.nha.gov.bd হতে ডাউনলোডকৃত পূর্ণাঙ্গ আবেদনপত্র ও ৩ (তিন) কপি ছবিসহ কুরিয়ার বা হাতে হাতে আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করতে পারবেন।
- ৯.১১ প্রসপেক্টাসে উল্লেখ নেই এমন পেশার লোকজন অন্যান্য কোটায় আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশার নাম উল্লেখপূর্বক ও বাৎসরিক আয়সহ ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রসপেক্টাসে উল্লিখিত প্রাসঙ্গিক কাগজপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৯.১২ এছাড়াও অনুচ্ছেদ ৫.০ এ বর্ণিত কাগজপত্রাদিও আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৯.১৩ প্রসপেক্টাস ক্রয়ের মূল রসিদ সংযুক্ত করতে হবে।





- ১০.০ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন “ঢাকার মোহাম্মদপুরস্থ আসাদ এভিনিউতে ‘গৃহায়ন কনকর্চাপা’ ও সাত মসজিদ রোডে ‘গৃহায়ন দোলনচাঁপা’ আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্প এলাকায় ডি-টাইপ কলোনিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নির্ধারিত মাসিক ভাড়াভিত্তিক ভাড়াটিয়া হিসেবে বসবাসকারী বৈধ ভাড়াটিয়াগণের জন্য ফ্ল্যাট বরাদ্দের আবেদনের নিয়মাবলী নিম্নরূপ:
- ১০.১ বাংলাদেশের যে কোন সিডিউলভুক্ত ব্যাংক হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাদ্দের ফ্ল্যাটের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রে ফরম-২ এর সাথে দাখিল করতে হবে।
- ১০.২ করযোগ্য আয় থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে হালনাগাদ (২০২০-২০২১ অর্থ বছর) আয়কর পরিশোধের সার্টিফিকেট দাখিল করতে হবে। করযোগ্য আয় না থাকলে বর্তমানে বসবাসরত এলাকার পৌর কাউন্সিলর/ ইউপি চেয়ারম্যান/ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ১০.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর), রাজউক (সাবেক ডিআইটি) কিংবা অন্য কোন সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ঢাকা উত্তর/ দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা সমূহে নিজ নামে, স্ত্রী/স্বামী (সরকারি চাকরিজীবী স্ত্রী/স্বামীর ক্ষেত্রে ব্যতীত), সন্তান/ পোষ্যের নামে ইতোপূর্বে কোন ফ্ল্যাট এর বরাদ্দ গ্রহণ করা হয়নি এবং বর্তমানে বসবাসরত প্রকল্প এলাকায় মাসিক ভাড়াভিত্তিক ফ্ল্যাটের ভাড়াসহ সকল প্রকার ইউটিলিটি বিল পরিশোধ হয়েছে মর্মে ৩০০.০০ (তিনশত) টাকা ননজুডিশিয়াল স্ট্যাম্প ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি জারির তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-২) দাখিল করতে হবে।
- ১০.৪ আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্ত্বশাসিত সংস্থায় চাকুরিরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের ছায়ালিপি দাখিল করতে হবে।
- ১০.৫ প্রসপেক্টাস ফর্মের মূল রশিদ দাখিল করতে হবে।
- ১০.৬ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আসাদ এভিনিউ ও সাত মসজিদ রোডে ডি-টাইপ কলোনিতে বসবাসের মাসিক ভাড়াভিত্তিক ভাড়াটিয়া হিসেবে সপক্ষে বৈধ অস্থায়ী বরাদ্দপত্র/কাগজপত্রাদি ও প্রমানক দাখিল করতে হবে।
- ১০.৭ আসাদ এভিনিউ ও সাত মসজিদ রোডে ডি-টাইপ কলোনিতে আবেদনকারী/ওয়ারিশগণের বরাদ্দকৃত মাসিক বাসা ভাড়া ও ইউটিলিটি বিল হালনাগাদ পরিশোধের (গ্যাস, পানি, বিদ্যুৎ) প্রত্যয়নসহ (নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২ কর্তৃক প্রদানকৃত প্রত্যয়ন) প্রাসঙ্গিক কাগজপত্রাদি ও অন্যান্য প্রমানক দাখিল করতে হবে।
- ১০.৮ মাসিক ভাড়াভিত্তিক ভাড়াটিয়া হিসেবে ডি-টাইপ কলোনিতে বসবাসরতদের জন্য প্রসপেক্টাসে বর্ণিত ফ্ল্যাটের মূল্যসহ অন্যান্য সকল নিয়মাবলী প্রযোজ্য হবে।





**১১.০ যে সকল কারণে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে:**

- ১১.১ অসম্পূর্ণ/অস্বাক্ষরিত/অসত্য/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র ।  
১১.২ ঘষামাঝা/ফুইড দেয়া আবেদনপত্র ।  
১১.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র ।  
১১.৪ ফটোকপিকৃত আবেদনপত্র ।  
১১.৫ অনুচ্ছেদ-৫, ৯, ১০ এ চাহিত কাগজপত্র কোন একটি বাদ পড়লে ।  
১১.৬ অসত্য হলফনামা দাখিল করলে ।

**১২.০ চুক্তিপত্র সম্পাদন:**

- ১২.১ দখল গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'চুক্তিপত্র' সম্পাদন করতে হবে ।

**১৩.০ ইজারা দলিল সম্পাদন:**

- ১৩.১ ফ্ল্যাটের সমূদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে ও রেজিস্ট্রি করতে হবে ।  
১৩.২ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা হাউজিং এস্টেট এর কোন প্রযোজ্য শর্ত / সুবিধাকে এ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবী করতে পারবেন না ।

ধন্যবাদান্তে,  
মোঃ দেলওয়ার হায়দার  
চেয়ারম্যান  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।  
ফোন: ০২-৯৫৬২৭৬২  
ই-মেইল: chairman@nha.gov.bd



৩০০/- টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে  
“হলফ নামার নমুনা”

পরিশিষ্ট-১

আমি : -----  
পিতা : -----  
মাতা : -----  
স্বামী/স্ত্রী : -----  
জন্ম তারিখ : -----  
১৫/০৬/২০২১ খ্রি: তারিখে বয়স : -----বছর -----মাস -----দিন-----  
বর্তমান ঠিকানা : -----  
স্থায়ী ঠিকানা : -----

জাতীয় পরিচয়পত্র নং-----

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন। আরও ঘোষণা করছি যে, আমার নিজ নামে বা স্বামী/স্ত্রী (সরকারি চাকরিজীবী স্বামী/স্ত্রীর ক্ষেত্রে ব্যতীত), সন্তান/পোষ্যর নামে ইতোপূর্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর) রাজউক (সাবেক ডিআইটি) / অন্য কোন সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে টাকা মহানগর উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পুট/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরো অঙ্গীকার করছি যে, প্রসাপেক্ষতাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সকল শর্তাবলীও মেনে চলব।

উপরোক্ত ঘোষণা সত্য ও নির্ভুল।

হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত

তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।

আমি তার পরিচয়দানকারী।

নোটারী পাবলিক / প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

এ্যাডভোকেট

বিদেশে চাকুরীরত কর্মকর্তা প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারি পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলনোহর

(আসাদ এভিনিউ ও সাত মসজিদ রোডের জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়াভিত্তিক ভাড়াটিয়া হিসেবে বসবাসরত বৈধ ভাড়াটিয়াগণের জন্য)

## ৩০০/- টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে

### “হলফ নামার নমুনা”

আমি : -----  
 পিতা : -----  
 মাতা : -----  
 স্বামী/স্ত্রী : -----  
 জন্ম তারিখ : -----  
 ১৫/০৬/২০২১ খ্রি: তারিখে বয়স : ----- বছর ----- মাস ----- দিন-----  
 বর্তমান ঠিকানা : -----

স্থায়ী ঠিকানা : -----  
 -----  
 জাতীয় পরিচয়পত্র নং-----  
 বরাদ্দ প্রাপ্ত ভাড়াভিত্তিক বাসার বিবরণ:  
 ভবন নং-----, ফ্ল্যাট নম্বর-----  
 পূর্ণ ঠিকানা-----

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন। আরও ঘোষণা করছি যে, আমার নিজ নামে বা স্বামী/স্ত্রী (সরকারি চাকরিজীবী স্বামী/স্ত্রীর ক্ষেত্রে ব্যতীত), সন্তান/পোষ্যর নামে ইতোপূর্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি)/ অন্য কোন সরকারি/আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে টাকা মহানগর উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পুট/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরো অঙ্গীকার করছি যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সাত মসজিদ রোডে এবং আসাদ এভিনিউ এর ডি-টাইপ কলোনিতে মাসিক ভাড়াভিত্তিক ভাড়াটিয়া হিসেবে বসবাসরত একজন বৈধ ভাড়াটিয়া। প্রসপেক্টসে বর্ণিত সকল কাগজপত্রাদি আমি আবেদনের সাথে সংযুক্ত করেছি। ভবিষ্যতে উক্ত কোন কাগজ ভুল বা মিথ্যা প্রমাণিত হলে বা বৈধ মাসিক ভাড়াটিয়া বসবাসকারী হিসেবে প্রমাণিত না হলে আমার আবেদন ও জামানত বাজেয়াপ্ত করা হলেও আমি কোন আপত্তি বা আইনের আশ্রয় গ্রহণ করব না। এছাড়া প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সকল শর্তাবলীও মেনে চলব।

উপরোক্ত ঘোষণা সত্য ও নিতুল।

-----  
 হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত, তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন। আমি তার পরিচয়দানকারী।

-----  
 নোটারি পাবলিক / প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট





জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২, সেগুনবাগিচা,  
ঢাকা-১০০০  
[www.nha.gov.bd](http://www.nha.gov.bd)

মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন “ঢাকার মোহাম্মদপুরস্থ আসাদ এভিনিউতে  
‘গৃহায়ন কনকটীপা’ ও সাত মসজিদ রোডে ‘গৃহায়ন দোলনটীপা’ আবাসিক ফ্ল্যাট  
নির্মাণ” শীর্ষক প্রকল্পের বিভিন্ন আয়তনের আবাসিক ফ্ল্যাট বরাদ্দের

আবেদনপত্রের ক্রমিক নম্বর			
অফিস কর্তৃক পূরণ করা হবে।			

### আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট  
সাইজের রঙিন ছবি

১ (এক) কপি  
সুদৃঢ়ভাবে আঠা দিয়ে  
লাগিয়ে দিতে হবে।

- ১। আবেদনকারীর নাম: (স্পষ্ট অক্ষরে - বাংলায়) .....
- ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) .....
- ২। পিতার নাম: বাংলায় .....
- ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....
- ৩। মাতার নাম: বাংলায়.....
- ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....
- ৪। স্বামী/ স্ত্রীর নাম: বাংলায় .....
- ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) .....
- ৫। আবেদনকারীর জন্ম তারিখ : .....
- ৬। বয়স ১৫.০৬.২০২১খ্রি. তারিখে বয়স : ..... বছর..... মাস..... দিন
- ৭। বর্তমান ঠিকানা : .....
- ই-মেইল : ..... মোবাইল/ টেলিফোন নম্বর : .....
- ৮। স্থায়ী ঠিকানা : .....
- ৯। জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট নং : .....
- ১০। ক্যাটাগরি/ গ্রুপ : (প্রসপেক্টাস অনুযায়ী) .....
- (কোন প্রকার কাটাকাটি/ ঘষা মাজা/ ফ্লুইড ব্যবহার করা যাবে না)
- ১১। পেশার বিবরণ:  
(ক) অফিস/সংস্থার নাম : ..... (খ) পদের নাম : .....
- (গ) বর্তমান বেতন স্কেল : ..... (ঘ) মূল বেতন : .....
- (ঙ) চাকুরীতে যোগদানের তারিখ : ..... (চ) বার্ষিক মোট আয় : .....
- ১২। ই-টি আই এন নম্বর : .....
- ১৩। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর : ..... তারিখ : .....
- ১৪। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং : .....
- তারিখ..... ব্যাংকের নাম .....
- শাখা..... ঢাকার পরিমান..... কথায় : .....
- ১৫। হলফনামার তারিখ : .....
- ১৬। আবেদনকারীর বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী :  
(ক) হিসাব নম্বর-....., (খ) রাউটিং নম্বর-.....
- (গ) ব্যাংকের নাম-....., (ঘ) শাখা .....
- (ঙ) Swift Code (যদি থাকে)-.....

আমি ঘোষণা করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন “ঢাকার মোহাম্মদপুরস্থ আসাদ এভিনিউতে ‘গৃহায়ন কনকচাঁপা’ ও সাত মসজিদ রোডে ‘গৃহায়ন দোলনচাঁপা’ আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পের বিভিন্ন আয়তনের আবাসিক ফ্ল্যাট বরাদ্দের (বৈধ ভাড়াটিয়াদের ক্ষেত্রে প্রযোজ্য)

আবেদনপত্রের ক্রমিক নম্বর			

অফিস কর্তৃক পূরণ করা হবে।

### আবেদনপত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি
১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

- ১। আবেদনকারীর নাম: (স্পষ্ট অক্ষরে - বাংলায়) .....  
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) .....
- ২। পিতার নাম: বাংলায় .....  
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....
- ৩। মাতার নাম: বাংলায়.....  
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....
- ৪। স্বামী/ স্ত্রীর নাম: বাংলায় .....  
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে) .....
- ৫। আবেদনকারীর জন্ম তারিখ : .....
- ৬। বয়স ১৫.০৬.২০২১খ্রি. তারিখে বয়স : ..... বছর..... মাস..... দিন
- ৭। বর্তমান ঠিকানা : .....  
ই-মেইল: .....মোবাইল/ টেলিফোন নম্বর:.....
- ৮। স্থায়ী ঠিকানা : .....
- ৯। জাতীয় পরিচয়পত্র নং.....
- ১০। বর্তমানে ডি-টাইপ কলোনিতে বসবাসরতদের বিবরণ:  
(ক) কমপ্লেক্সের নাম (টিক দিন) :  আসাদ এভিনিউ  সাত মসজিদ রোড (খ) ভবন নং-....., ফ্ল্যাট নম্বর-.....
- ১১। পেশার বিবরণ :  
(ক) অফিস/সংস্থার নাম : ..... (খ) পদের নাম : .....  
(গ) বর্তমান বেতন স্কেল : ..... (ঘ) মূল বেতন : .....  
(ঙ) চাকুরীতে যোগদানের তারিখ : ..... (চ) বার্ষিক মোট আয় : .....
- ১৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের তথ্য:  
(ক) (হালনাগাদ ভাড়া পরিশোধ সংক্রান্ত) স্মারক নং-....., তারিখ: .....  
(খ) (ইউটিলিটি বিল পরিশোধ সংক্রান্ত) স্মারক নং-....., তারিখ: .....
- ১৪। ই-টি আই এন নম্বর : .....
- ১৫। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর : ..... তারিখ : .....
- ১৬। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং : .....  
তারিখ..... ব্যাংকের নাম .....  
শাখা..... ঢাকার পরিমান..... কথায় : .....
- ১৭। হলফনামার তারিখ : .....
- ১৮। আবেদনকারীর বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে আগ্রহী :  
(ক) হিসাব নম্বর-....., (খ) রাউটিং নম্বর-.....  
(গ) ব্যাংকের নাম-....., (ঘ) শাখা .....  
(ঙ) Swift Code (যদি থাকে)-.....

আমি ঘোষণা করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ : .....

আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন